ভোরের কাগজ

তারিখ ... 08 JUN 1998 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫ ......

### ৭১ শিক্ষকের পদত্যাগ গৃহীত হয়নি

# বুয়েট শিক্ষকদেরকে ক্লাস শুরু করার আহ্বান জানিয়েছেন উপাচার্য

কাগজ প্রতিবেদক : উপাচার্যের পদত্যাগের প্রতিবাদে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত যে ৭১ জন শিক্ষক গত মাসে পদত্যাগ করেছিলেন তাদের পদত্যাগপত্র গৃহীত হয়নি। উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ তাদেরকে নিজ নিজ কাজে ফিরে যেতে বলেছেন। পাশাপাশি তিনি কর্মবিরতি পালনরত শিক্ষকদের ক্লাস শুরু করার আহ্বান জানিয়েছেন।

গতকাল রোববার সকালে বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের সেমিনার রুমে আয়োজিত এক শিক্ষক সমাবেশে উপাচার্য এ আহ্বান জানান। তিনিই শিক্ষকদের ঐ সমাবেশ ডেকেছিলেন। বুয়েট প্রতিনিধি জানান, প্রফেসর ইকবাল মাহমুদের পদত্যাগের ঘটনায় শিক্ষকরা পদত্যাগসহ যে আন্দোলন কর্মসূচি দিয়ে তাকে সমর্থন জানিয়েছেন সেজন্য তিনি শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ ব্যাপারে গতরাতে প্রফেসর ইকবাল মাহমুদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন যে, তিনি পদত্যাগী শিক্ষকদেরকে বলে দিয়েছেন যে তাদের পদত্যাগপত্র গৃহীত হয়নি। পাশাপাশি তিনি শিক্ষক সমিতিকে কর্মবিরতি প্রত্যাহার করে ক্লাস শুরুর আহ্বান জানিয়েছেন।